

জাতীয় ক্যারিয়ার ফেয়ারে থাকছে রেজিস্ট্রো

রেজিস্ট্রোর সহযোগিতায় ২৭ জুন বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে চাকরি প্রার্থী তরুণদের জন্য নানা রকম চাকরির সম্ভাবনা ও সুযোগ তৈরির লক্ষে শুরু হচ্ছে এনআরবি জবস নিবেদিত ব্র্যাক ইউনিভার্সিটি জাতীয় ক্যারিয়ার ফেয়ার ২০১৯। 'তারুণ্যের ক্ষমতায়ন' এই প্রতিপাদ্য নিয়ে আয়োজিত এই ক্যারিয়ার মেলায় উপস্থিত থাকবে দেশের সুনামধন্য একশটির বেশি চাকরিদাতা প্রতিষ্ঠান।

এছাড়া তরুণদের ক্যারিয়ার বিষয়ক নানা পরামর্শ ও দিক নির্দেশনা দিতে উপস্থিত থাকবেন দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তারা।

দেশের প্রথম আইক্যান অ্যাক্রেডিটেড ডোমেইন রেজিস্ট্রার ইনভেডিয়াস প্রাইভেট লিমিটেড তার ব্র্যান্ড রেজিস্ট্রোকে নিয়ে উপস্থিত থাকবে মেলায়। মেলায় তরুণদের আইটি ব্যবসায় ক্যারিয়ার গড়া এবং আইটি প্রতিষ্ঠানে চাকরি প্রাপ্তি বিষয়ক দিকনির্দেশনা ও পরামর্শ দেবে 'রেজিস্ট্রো'। এ ছাড়াও, মেলায় অংশ নেয়া তরুণদের মধ্য থেকে নির্বাচিত ৫০ জনকে ফ্রি ডোমেইন দেবে প্রতিষ্ঠানটি।

মেলার নিবেদক প্রতিষ্ঠান এনআরবি জবস জানা যায়, এই ক্যারিয়ার মেলাকে তারা একটি মাইলফলক হিসেবে ভাবতে চান যা দেশের কর্পোরেট হাউজ বা চাকরিদাতা প্রতিষ্ঠানসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে একটি মেলবন্ধন তৈরি করতে ভূমিকা রাখবে।

এ ছাড়াও, দেশের প্রথম অ্যাপ ভিত্তিক আন্তঃজেলা রাইড শেয়ারিং সেবাদাতা প্রতিষ্ঠান ইজিয়ার ও থাকছে এই মেলায়। নতুন ধরনের স্টার্ট-আপ বা উদ্যোগ শুরু করা এবং এ ধরনের প্রতিষ্ঠানে কর্মসংস্থানের বিষয়ে নানারকম পরামর্শ ও দিক-নির্দেশনা দেবে প্রতিষ্ঠানটি।

২৭ জুন শুরু হতে যাওয়া জাতীয় ক্যারিয়ার মেলা চলবে ২৮ জুন পর্যন্ত। মেলায় অংশগ্রহণ করতে রেজিস্ট্রেশন করতে হবে। www.bracucareerfare.com অথবা www.nrbjobs.com ওয়েবসাইটে গেলে পাওয়া যাবে রেজিস্ট্রেশনের সব তথ্য। এ ছাড়াও, মেলা শুরুর প্রথম দিন মেলার ভেন্যুতেও করা যাবে রেজিস্ট্রেশন।